কালের কণ্ঠ

আপডেট : ১৫ নভেম্বর, ২০১৬ ২১:৫৭

# প্রশিক্ষণ পাবে ৯২৪০ তরুণ

বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট। খোঁজ জানাচ্ছেন ফরহাদ হোসেন



প্রশিক্ষণ থাকলে কাজের অভাব হয় না। কারিগরি বিষয়ে দক্ষতা থাকলে কাজই খুঁজে নেয়। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন (বাইওয়া)-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট। স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেপ) আওতায় লেদ মেশিন অপারেশন, ওয়েল্ডিং, ইলেকট্রিক্যাল, ক্যাড-ক্যাম ডিজাইন, সিএনজি অপারেশন, রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিংসহ নানা বিষয়ে বিনা মূল্যে প্রশিক্ষণ চলছে। বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত প্রধান সমন্বয়কারী মো. এনামুল হক খান জানান, 'দেশের বেকারত্ব কমিয়ে দক্ষ জনবল তৈরি করাই প্রশিক্ষণের মূল লক্ষ্য। স্বল্পশিক্ষিত তরুণ-তরুণীদের দক্ষতা বাড়াতে এ প্রশিক্ষণ কার্যকর ভূমিকা রাখবে।'

প্রশিক্ষণ পাবে কতজন

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও সুইজারল্যান্ড সরকারের অর্থায়নে ও বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেপ) আওতায় এ শিল্পে তিন বছরে প্রশিক্ষণ পাবে ৯২৪০ জন তরুণ-তরুণী। এনামুল হক খান জানান, বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউটের সঙ্গে সেপ প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে ২০১৫ সালের এপ্রিল মাস থেকে। চলবে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত।

এর মধ্যে ঢাকা ও ঢাকার বাইরে মোট চার হাজার ৭৩৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আরো চার হাজার ৫০৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে। এ ছাড়া একই প্রকল্পের আওতায় নতুন করে চার বছরে ২০ হাজারের বেশি ব্যক্তিকে দ্বিতীয় পর্যায়ে প্রশিক্ষণ দেওয়ার বিষয়ে চুক্তির কাজটি চলমান রয়েছে।

বিষয় ও যোগ্যতা

প্রশিক্ষণ কোর্সকে দুই ভাগে ভাগ করা হয়েছে—আপস্কিল ও ফ্রেশার। আপস্কিল ক্যাটাগরিতে মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সে ১৫ দিন চার ঘণ্টা করে মোট ৩০ ঘণ্টার প্রশিক্ষণ দেওয়া হবে। লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পে তিন বছরের অভিজ্ঞতা থাকলে অংশ নিতে পারবেন এ কোর্সে। বয়স হতে হবে কমপক্ষে ১৬ বছর। বাকি সব কোর্সে সুযোগ পাবেন ফ্রেশাররা। বয়স হতে হবে কমপক্ষে ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর। লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং ও ক্যাড-ক্যাম ডিজাইনের কোর্সের মেয়াদ ছয় মাস, সিনএসি অপারেশন কোর্সে এক বছর, রেফ্রিজারেশন অ্যান্ড এসি টেকনিশিয়ান ও ইলেকট্রিক্যাল কোর্সে চার মাসের প্রশিক্ষণ দেওয়া হবে। লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ও ইলেকট্রিক্যাল কোর্সে অষ্টম শ্রেণি পাস হলেই ভর্তি হওয়া যাবে। ক্যাড-ক্যাম ডিজাইন, সিনএসি অপারেশন কোর্সে ভর্তির যোগ্যতা এইচএসসি বা ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং।

আবেদন ও বাছাই প্রক্রিয়া

মো. এনামুল হক খান জানান, লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং—প্রতিটি কোর্সে প্রতি ব্যাচে ৩০ জন ভর্তি হতে পারবে। ক্যাড-ক্যাম ডিজাইন কোর্সে ১৬ জন, সিনএসি অপারেশন কোর্সে ২০ জন, ইলেকট্রিক্যাল কোর্সে ৩৬ জন এবং রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং কোর্সের প্রতি ব্যাচে নেওয়া হবে ৪০ জন। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। সেপ প্রজেক্টের অন্য কোনো প্রশিক্ষণে ভর্তি হলে বা আগে প্রশিক্ষণ নিলে আবেদন করা যাবে না।

আবেদন ফরম পাওয়া যাবে (.িনবরড়ধ.ড়ত্ম.নফ) ওয়েব ঠিকানায়। এ ছাড়া আবেদন ফরম পাওয়া যাবে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন, ৩৮ টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা—১২০৩ বা বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট, প্যারাডাইস ভবন, ২ ফোল্ডার স্ট্রিট, ওয়ারী, ঢাকা-১২০৩ ঠিকানায়। পাসপোর্ট আকারের দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধনের ফটোকপি ও শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদসহ আবেদনপত্র জমা দিতে হবে ২৭ নভেম্বরের মধ্যে।

প্রার্থী নির্বাচন

আবেদন হাতে হাতে বা ডাকযোগে নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। খামের ওপর ট্রেডের নাম উল্লেখ করতে হবে। এনামুল হক খান জানান, সাক্ষাতকারের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। সাক্ষাতকার নেওয়া হবে ২৮ নভেম্বর সকাল সাড়ে ১০টা থেকে। তিনি আরো জানান, সাক্ষাতকারে প্রার্থীর আচার-ব্যবহার, কেন প্রশিক্ষণ নিতে চায় বা প্রশিক্ষণ নিয়ে সে কিভাবে কী করতে চায়, সে বিষয়ে জানতে চাওয়া হবে। অগ্রাধিকার পাবে সুবিধাবঞ্চিত, নারী, উপজাতি ও নৃগোষ্ঠীর লোকেরা।

প্রশিক্ষণের ধরন

প্রজেক্ট কো-অর্ডিনেটর (মনিটরিং) এনামুল হক জানান, ‘আধুনিক উপকরণ ও অভিজ্ঞ প্রশিক্ষকদের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হবে। ৮০ শতাংশ প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে, বাকিটা তত্ত্বীয়। প্রশিক্ষণার্থীদের প্রতিটি কাজ প্রশিক্ষকরা পর্যবেক্ষণ করবেন এবং তাঁদের মতামত দেবেন। প্রশিক্ষণার্থীদের দক্ষ করে তোলাই প্রশিক্ষণের মূল লক্ষ্য।’

মিলবে ভাতা, সনদ ও চাকরি

কোর্স চলাকালীন প্রত্যেক শিক্ষার্থীকে মাসে তিন হাজার টাকা হারে বৃত্তি দেওয়া হবে। তবে মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সের জন্য দেওয়া হবে এক হাজার ৫০০ টাকা। বৃত্তির টাকা ব্যাংকের মাধ্যমে দুই কিস্তিতে পাওয়া যাবে। শতভাগ উপস্থিতি নিশ্চিত হলে তবেই মিলবে মাসিক ভাতা। সরকারের সঙ্গে চুক্তির শর্ত অনুযায়ী প্রশিক্ষণ নেওয়া ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর চাকরির ব্যবস্থা করার কথা। তবে প্রশিক্ষণ নেওয়া সবার চাকরির বিষয়ে সহায়তা করে থাকে কর্তৃপক্ষ। চাকরির সহায়তার ক্ষেত্রে কোর্স শেষে ক্লাসে উপস্থিতি বিবেচনায় আনা হবে, যাচাই করা হবে প্রার্থীর দক্ষতাও। দেওয়া হবে সনদ। কোর্স শেষে প্রশিক্ষণার্থীর নাম অন্তর্ভুক্ত করা হবে জাতীয় দক্ষতা ডাটাবেসে।

খোঁজ জানবেন যেভাবে

বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউটের ওয়েবসাইট ও অফিস থেকে জানা যাবে ভর্তি ও প্রশিক্ষণসংক্রান্ত সব তথ্য। ঢাকাসহ পাবনা, কুষ্টিয়া, নাটোর, নওগাঁ, সিলেট, নোয়াখালী, গাইবান্ধা জেলায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এ ছাড়া চট্টগ্রাম ও গাজীপুর জেলায় এই প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। এসব জেলাসহ যেকোনো জেলার আগ্রহীরা জানতে পারবে সব তথ্য। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন, ৩৮ টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা-১২০৩ এবং বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট, প্যারাডাইস ভবন, ২ ফোল্ডার স্ট্রিট, ওয়ারী, ঢাকা—১২০৩ ঠিকানায় জানা যাবে সব কোর্সের বিস্তারিত তথ্য। ফোনে তথ্য জানার জন্য কল করতে হবে ০২-৯৫৩২৩৭২

(এক্স-১০৬, ১০৭), ০১৯১৭১৭০১৬৮, ০১৯১১২১১০২২, ০১৭২০০৫৬১৭৭ নম্বরে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
উপদেষ্টা সম্পাদক : অমিত হাবিব,
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com